# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২০৬/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার, ২৩ এপ্রিল ২০১৮, ১০ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদে শপথ নিচ্ছেন আগামীকাল

২। নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করুন : জুডিসিয়াল সার্ভিস কমিশনকে রাষ্ট্রপতি

৩। কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে যোগদান শেষে প্রধানমন্ত্রী আজ দেশে ফিরেছেন

৪। বিএনপি-জামায়াতের অপপ্রচারের উপযুক্ত জবাব দিতে হবে :
লন্ডনে দলীয় প্রতিনিধিদলের সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী

৫। ওয়াশিংটনে অর্থমন্ত্রী : রোহিঙ্গা পুনর্বাসনে ১০ দেশ ও সংস্থার সহায়তার অঙ্গীকার

৬। অপরাধ করে পার পাওয়া যাবে না : সড়ক দুর্ঘটনার মামলা প্রসঙ্গে আইনমন্ত্রী

৭। ঝুঁকিপূর্ণ পাহাড়ে বসবাসকারীদের সরিয়ে নিতে হবে : চট্টগ্রামে কর্মশালায় ত্রাণমন্ত্রী

৮। মার্কিন মানবাধিকার প্রতিবেদন ভিত্তিহীন : সাংবাদিকদের বললেন তথ্যমন্ত্রী

৯। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী খালেদা জিয়ার চিকিৎসার ব্যবস্থা নেওয়া হবে :
বিএনপি প্রতিনিধিদের সাক্ষাৎকালে স্বরাষ্ট্রমন্ত্রী

১০। বঙ্গবন্ধু স্যাটেলাইট প্রত্যন্ত এলাকায় ইন্টারনেট পৌঁছে দেবে :
ইনফো সরকারের অনুষ্ঠানে তথ্যপ্রযুক্তি মন্ত্রী

১১। পদ্মা সেতুর ওপর রেল সংযোগ প্রকল্পের ঋণ চুক্তি ২৮ এপ্রিল : সেমিনারে রেলপথমন্ত্রী

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদে শপথ নিচ্ছেন আগামীকাল**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদে বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে আগামীকাল ২৪ এপ্রিল মঙ্গলবার শপথগ্রহণ করবেন। রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন জানান, 'মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টায় রাষ্ট্রপতির শপথগ্রহণ অনুষ্ঠিত হবে। জাতীয় সংসদের স্পিকার ড. শিরিন শারমীন চৌধুরী বঙ্গভবনের দরবার হলে শপথ বাক্য পাঠ করাবেন।' সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৪)।

২। **নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করুন : জুডিসিয়াল সার্ভিস কমিশনকে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নিষ্ঠার সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের (বিজেএসসি) সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২২ এপ্রিল রোববার) বিজেএসসি প্রতিনিধি দল বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে বার্ষিক প্রতিবেদন পেশকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৩। **কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে যোগদান শেষে প্রধানমন্ত্রী আজ দেশে ফিরেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে যোগদান শেষে আজ ২৩ এপ্রিল সোমবার দেশে ফিরছেন। গতকাল (২২ এপ্রিল রোববার) লন্ডনের স্থানীয় সময় রাত ৮টায় প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইটটি ঢাকার উদ্দেশ্যে হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার নাজমুল কাওনাইন বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে বিদায় জানান। আজ বাংলাদেশ সময় সকালে ফ্লাইটটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** ( পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

৪। **বিএনপি-জামায়াতের অপপ্রচারের উপযুক্ত জবাব দিতে হবে :**
**লন্ডনে দলীয় প্রতিনিধিদলের সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অল ইউরোপিয়ান আওয়ামী লীগ নেতৃবৃন্দকে বিদেশে দেশ ও সরকারের বিরুদ্ধে বিএনপি-জামায়াতের অপপ্রচারের উপযুক্ত জবাব দেয়ার নির্দেশ দিয়েছেন। গতকাল (২২ এপ্রিল রোববার) সকালে লন্ডনে অল ইউরোপিয়ান আওয়ামী লীগ নেতৃবৃন্দের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রী শেখ হাসিনার হোটেল স্যুটে সাক্ষাৎ করতে গেলে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

৫। **ওয়াশিংটনে অর্থমন্ত্রী : রোহিঙ্গা পুনর্বাসনে ১০ দেশ ও সংস্থার সহায়তার অঙ্গীকার**

সেনাবাহিনীর নির্যাতনের মুখে মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের পুনর্বাসনে বড় ধরনের অগ্রগতি এসেছে বিশ্বব্যাংক ও আইএমএফের বসন্তকালীন বৈঠকে। দশটি দেশ ও উন্নয়ন সংস্থা নতুন করে এ বিষয়ে সহায়তার অঙ্গীকার করেছে। গত ২১ এপ্রিল শনিবার ওয়াশিংটনে বিশ্বব্যাংক ও আইএমএফের বোর্ড অভ্ গভর্নরসের দ্বিতীয় দিনের বৈঠক শেষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বিশ্বব্যাংকের বাংলাদেশের বিকল্প নির্বাহী পরিচালকের অফিসে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২),

৬। **অপরাধ করে পার পাওয়া যাবে না : সড়ক দুর্ঘটনার মামলা প্রসঙ্গে আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, সড়ক দুর্ঘটনার মামলায় শাস্তির বিষয়টি নিশ্চিত করা হবে যাতে সতর্কতা বৃদ্ধি পায়। এসব মামলায় আদালত যে শাস্তি দেবে তাতে চালক-মালিকরা বুঝতে পারেন যে এ রকম অপরাধ করে পার পাওয়া যাবে না। গতকাল (২২ এপ্রিল রোববার) বিচার প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে সিনিয়র সহকারী জজ ও কর্মকর্তাদের ১৪১তম রিফ্রেশমেন্ট কোর্সের উদ্বোধন শেষে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৭।  ঝুঁকিপূর্ণ পাহাড়ে বসবাসকারীদের সরিয়ে নিতে হবে : চট্টগ্রামে কর্মশালায় ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, ঝুঁকিপূর্ণ পাহাড়গুলো যত বড় প্রভাবশালী নেতার নিয়ন্ত্রণেই থাকুক না কেন, সেখানে বসবাস করা মানুষকে দুর্ঘটনা ঘটার আগেই সরিয়ে নিতে হবে। ত্রাণমন্ত্রী বলেন, পাহাড়ধসে জানমালের যাতে কোনো ক্ষয়ক্ষতি না হয় সেজন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কঠোর অবস্থানে রয়েছে। এ সময় মন্ত্রী যে কোনো দুর্যোগ থেকে বাঁচতে প্রয়োজনে **১০৯০** নম্বরে ফোন দিয়ে আবহাওয়া সম্পর্কিত তথ্য জেনে প্রতিদিন ঘর থেকে বের হওয়ার পরামর্শ দেন। গতকাল (২২ এপ্রিল রোববার) পাহাড়ধস সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও আগাম সতর্কতামূলক কার্যক্রম বিষয়ে আয়োজিত এক কর্মশালায় তিনি এ কথা বলেন। চট্টগ্রাম সার্কিট হাউসে জেলা প্রশাসন এ কর্মশালার আয়োজন করে। সূত্র-সমকাল (পৃ.৪,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** ( পৃ.৩,ক.১)।

**৮।  মার্কিন মানবাধিকার প্রতিবেদন ভিত্তিহীন : সাংবাদিকদের বললেন তথ্যমন্ত্রী**

সরকারের কোনো ভাষ্য না নিয়ে একতরফাভাবে তৈরি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মানবাধিকার প্রতিবেদন মনগড়া, ভিত্তিহীন ও কূটনৈতিক শিষ্টাচার-বর্হিভূত উল্লেখ করে তা প্রত্যাখান করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। তিনি বলেন, বাংলাদেশের ওপর এ প্রতিবেদন তৈরির আগে তথ্য মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এবং আইন মন্ত্রণালয়ের আনুষ্ঠানিকভাবে বক্তব্যে নেওয়া উচিত ছিল। তা না করে এ ধরনের মনগড়া ভিত্তিহীন প্রতিবেদন তৈরি করা হয়েছে। সরকারের পক্ষ থেকে এ প্রতিবেদন প্রত্যাখান করা হচ্ছে। গতকাল (২২ এপ্রিল রোববার) নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১), **নিউ এজ** ( পৃ.১,ক.১)।

**৯।  চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী খালেদা জিয়ার চিকিৎসার ব্যবস্থা নেওয়া হবে : বিএনপি প্রতিনিধিদের সাক্ষাৎকালে স্বরাষ্ট্রমন্ত্রী**

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সুচিকিৎসার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন, বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী সে বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (২২ এপ্রিল রোববার) সচিবালয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান ও ভাইস চেয়ারম্যান মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদের সঙ্গে বৈঠক শেষে গণমাধ্যমকে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**১০।  বঙ্গবন্ধু স্যাটেলাইট প্রত্যন্ত এলাকায় ইন্টারনেট পৌঁছে দেবে : ইনফো সরকারের অনুষ্ঠানে তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

দেশের সব ইউনিয়নে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে দ্রুত গতির ইন্টারনেট পৌঁছে দিতে না পারলেও বঙ্গবন্ধু স্যাটেলাইট চালু হলে এ সীমাবদ্ধতা দূর করা যাবে বলে উল্লেখ করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার। গতকাল (২২ এপ্রিল রোববার) রাজধানীর সোনারগাঁও হোটেলে ইনফো সরকার তৃতীয় পর্যায় প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.৬)।

**১১।  পদ্মা সেতুর ওপর রেল সংযোগ প্রকল্পের ঋণ চুক্তি ২৮ এপ্রিল : সেমিনারে রেলপথমন্ত্রী**

রেলপথ মন্ত্রী মুজিবুল হক বলেছেন, পদ্মা সেতুর ওপর রেল সংযোগ প্রকল্পের ঋণ চুক্তি আগামী ২৮ এপ্রিল স্বাক্ষর হবে। তিনি জানান, চীনের বেইজিংয়ে এ চুক্তি স্বাক্ষর হবে। সে দেশের এক্সিম ব্যাংক এ প্রকল্পে অর্থায়ন করছে। গতকাল (২২ এপ্রিল রোববার) রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) ভবনে আয়োজিত ‘পলিসি এনালাইসিস’ বিষয়ক সেমিনার ও কোর্স

সমাপনকারীদের মাঝে সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.২,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** সুন্দরবনে গত ৩০ বৎসরে অন্তত **১**৬টি জাহাজডুবির ঘটনা ঘটেছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে জাহাজডুবির পর তা যত দ্রুত সম্ভব উদ্ধারে যথাযথ ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

খ. **জনকণ্ঠ :** 'সরকারি তথ্য ও সেবা সবসময়' এই স্লোগানকে সামনে রেখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক্সেস টু ইনফরমেশন চালু করেছে কলসেন্টার যেখানে ৩৩৩ নাম্বারে কল করলে গুরুত্বপূর্ণ নাগরিক সেবা পাওয়া যাবে উল্লেখ করে এ উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয় বলে অভিমত প্রকাশ।

গ. **সমকাল :** বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের নিয়োগ পরীক্ষা একই সময়ে হওয়ায় বিপাকে পড়েছে দেশের কয়েক লাখ চাকরি প্রার্থী উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** যানজটের কারণে রাজধানীর ভেতরের রাস্তাঘাটে মোটরযানের গড় গতি কমতে কমতে ঘন্টায় প্রায় ছয় কিলোমিটার নেমে যাওয়ার কথা উল্লেখ করে যানজট নিরসনের লক্ষ্যে রাস্তাঘাটে শৃঙ্খলা প্রতিষ্ঠা জরুরি বলে মতপ্রকাশ।

ঙ. **ভোরের কাগজ :** রাজধানীর বেশ কিছু এলাকায় পানি ও গ্যাসের সংকট দেখা দেওয়ার পাশাপাশি লোডশেডিং হওয়ায় এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** প্লাস্টিক ব্যাগ ও পণ্যের প্লাস্টিক কভারের কারণেই মূলত রাজধানীর ড্রেনেজ ব্যবস্থা অকার্যকর হয়ে পড়ায় টিস্যু পেপারের ছোট প্লাস্টিক প্যাক, আচার, শ্যাম্পু, শুকনা খাবার ও সাবানের মত পণ্যগুলোর প্লাস্টিকের প্যাকেট অতিদ্রুত পেপার ব্যাগে পরিবর্তনের সুপারিশ।

ছ. **ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন :** রাজধানীর ৮৭ শতাংশ বাস ও মিনিবাসের চালকরা ট্রাফিক রুলসের অবজ্ঞা করে বেপরোয়াভাবে গাড়ি চালানো সংক্রান্ত তথ্য প্রকাশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনে পরিবহণ খাতের আমূল সংস্কারের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আসন্ন নির্বাচনকে দেশের স্বার্থে অর্থবহ করে তুলতে দেশের সব প্রগতিশীল গণতান্ত্রিক শক্তির ঐক্য গড়ে তোলা প্রয়োজন।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'বিশেষায়িত শিক্ষা বিশ্ববিদ্যালয়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষা ও মনুষ্যত্বকে সমন্বিত করার ওপর জোর দিতে হবে।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা